



Feni University

Trunk Road, Feni-3900

তারিখ: ১৭-০৮-২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

ফেনী ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ব্রিগেডিয়ার জেনারেল নাসির উদ্দিন আহমেদ (অব:)

১৪ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দে ফেনী ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের ৫৯তম নিয়মিত সভায় সর্বসম্মতিক্রমে প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন ব্রিগেডিয়ার জেনারেল নাসির উদ্দিন আহমেদ (অব:)। ভাইস-প্রেসিডেন্ট হিসেবে ট্রাস্টি বোর্ডের সম্মানিত সদস্য জনাব মো: নুরুল নওয়াজ সেলিম এবং সদস্য সচিব নির্বাচিত হয়েছেন ট্রাস্টি বোর্ডের সদস্য ডা: এ এস এম টি উল্লাহ চৌধুরী বায়েজিদ। নব নির্বাচিত ট্রাস্টি প্রেসিডেন্ট সদ্য সাবেক প্রেসিডেন্ট জনাব আলাউদ্দীন আহমেদ চৌধুরীকে ফেনী ইউনিভার্সিটির অগ্রযাত্রায় দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান। পাশাপাশি তাকে প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত করায় ট্রাস্টি বোর্ডের সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, মান সম্মত উচ্চশিক্ষা ও গবেষণার মাধ্যমে ভবিষ্যতের দায়িত্বশীল নাগরিক হিসেবে তরুণ নেতৃত্ব গড়ে তোলার লক্ষ্যে ২০১২ সালে ফেনীর কৃতি সন্তানরা প্রতিষ্ঠা করেন ফেনী ইউনিভার্সিটি। ফেনীর বৃহত্তর পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে উচ্চ শিক্ষায় সমৃদ্ধ করতে তিনি দৃঢ় প্রতিজ্ঞ।

স্বাক্ষরিত/-

(মুহাম্মদ আবদুল্লাহ আল মামুন চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা
ফেনী ইউনিভার্সিটি

অনুলিপি:

- ১.পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২.রেজিস্ট্রার মহোদয়
- ৩.প্রিন্টার
- ৪.আইটি অফিসার (ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৫.গণমাধ্যমসমূহ
- ৬.সংশ্লিষ্ট নথি